



# জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)

Registration No-190/18, 1984-85.

Head Office: House# 53/1, 3<sup>rd</sup> Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000  
Mobile: +8801711339297, E-mail: admin@nascib.org; ceo@nascib.org; Website: <https://nascib.org>

স্মারক নম্বরঃ নাসিব/প্রকা/প্রশাসনিক/ঘ-১০৪/০১/৬৮৮

তারিখঃ ১৫ ফেব্রুয়ারি ২০২৬

## নিরঙ্কুশ বিজয়ে অভিনন্দন

সম্মানিত সুধী,

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে (২০২৬) নিরঙ্কুশ বিজয় অর্জন করায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এবং দলের চেয়ারম্যান **জনাব তারেক রহমান-কে** জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)-এর পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করছি। গণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্য দিয়ে জনগণের এই নিরঙ্কুশ রায় কেবল একটি রাজনৈতিক বিজয়ের স্বীকৃতি নয়; বরং রাষ্ট্র কাঠামো মেরামত, সুশাসন প্রতিষ্ঠা এবং জবাবদিহিমূলক গণতান্ত্রিক ব্যবস্থার পুনর্গঠনের প্রতি জনগণের প্রত্যাশার প্রতিফলন।

আমরা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান-এর ঐতিহাসিক অবদান, যিনি বহুদলীয় গণতন্ত্রের প্রবক্তা, উৎপাদনমুখী অর্থনীতির ভিত্তি নির্মাণ এবং জাতীয় আত্মনির্ভরতার দর্শন প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন করেন। একই ধারাবাহিকতায় সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গণতান্ত্রিক মূল্যবোধ ও জনগণের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে আপোষহীন নেতৃত্ব প্রদান করেছেন।

বর্তমান প্রেক্ষাপটে জনগণ প্রত্যাশা করে যে, ঘোষিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা বাস্তবায়নের মাধ্যমে ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠা, বিচার বিভাগের স্বাধীনতা, নির্বাচন ব্যবস্থার সংস্কার, প্রশাসনিক জবাবদিহিতা এবং দুর্নীতি প্রতিরোধে কার্যকর প্রাতিষ্ঠানিক কাঠামো গড়ে তোলা হবে। একইসাথে নির্বাচনী ইশতেহারে প্রতিশ্রুত উৎপাদনমুখী অর্থনীতি গঠন, কর্মসংস্থান সৃজন, ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশ, উদ্যোক্তা উন্নয়ন, শিক্ষা ও প্রযুক্তিনির্ভর মানবসম্পদ গঠন এবং প্রান্তিক জনগোষ্ঠীর ক্ষমতায়নের মাধ্যমে একটি অন্তর্ভুক্তিমূলক মানবিক মূল্যবোধসম্পন্ন সমাজ প্রতিষ্ঠিত হবে— এটাই দেশবাসীর প্রত্যাশা।

জনগণ আজ এমন একটি রাষ্ট্রব্যবস্থা প্রত্যাশা করে যেখানে আইনের শাসন সুপ্রতিষ্ঠিত থাকবে, মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত হবে, অর্থনৈতিক সুযোগ সবার জন্য উন্মুক্ত থাকবে এবং রাজনৈতিক সংস্কৃতি হবে সহনশীল, অংশগ্রহণমূলক ও জনমুখী। আমরা বিশ্বাস করি, জনাব তারেক রহমানের নেতৃত্বে জনগণের এই প্রত্যাশা বাস্তব রূপ লাভ করবে এবং বাংলাদেশ একটি নিরপেক্ষ, সমতাভিত্তিক, স্থিতিশীল ও উৎপাদনমুখী রাষ্ট্রে পরিণত হবে।

নাসিব  
NASCIB

ধন্যবাদান্তে

মির্জা মাসুদুর রহমান

আহবায়ক, সংস্কার কমিটি

জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) ও

নির্বাচন সমন্বয়ক,

নির্বাচন পরিচালনা কমিটি – ২০২৬

ফুলগাজী উপজেলা, নির্বাচনী এলাকা-২৬৫, ফেনী-০১ আসন